ইত্তেফাক

তারিখ ৭।৫।৮৩
পৃষ্ঠা ১ কলাম ১

009

## 'বিভ্রান্তিকর প্রেসনোট পরিস্থিতি জটিল করিয়া তুলিয়াছে'

বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন চট্টগ্রাম ভার্সিটি পরিস্থিতি প্রশ্নে শিক্ষকদের প্রতি সরকারী প্রেসনোটের হুমকিকে অনভিপ্রেত বলিয়া উল্লেখ করিয়াছে। শিক্ষাঙ্গনের পরিস্থিতি স্বাভাবিক করার শিক্ষক সমাজের সর্বাত্মক প্রচেষ্টার সময় এই বিভ্রান্তিকর প্রেস নোট' সংকটাপন্ন পরিস্থিতিকে অধিকতর জটিল করিয়া তুলিয়াছে বলিয়া গতকাল (শুক্রবার) ঢাকা ভার্সিটি ক্লাবে অনুষ্ঠিত ভার্সিটি শিক্ষক সমিতি ফেডারেশনের সভায় উল্লেখ করা হয়। সভার সিদ্ধান্তে বলা হয়, বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে নিয়মতান্ত্রিক পদ্ধতি অনুসরনের জন্য চট্টগ্রাম ভার্সিটি শিক্ষকদের দাবী উপেক্ষা করিয়া প্রেসনোটে হুমকি প্রদান করা হয়।

ফেডারেশন বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্বশাসন ও বিশ্ববিদ্যালয় আইনের প্রতি সম্মান প্রদর্শনসহ ফেডারেশনের পূর্ববর্তী দাবীসমূহ পূরণ করিয়া বিরাজমান অচলাবস্থা নিরসনের আহ্বান জানায়।

## ভিসি চট্টগ্রাম ভার্সিটি শিক্ষকদের কাজে যোগদানের অনুরোধ জানাইয়াছেন

(চট্টগ্রাম অফিস হইতে)

৮ই এপ্রিল—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বর্তমান অচলাবস্থা নিরসনের জন্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর মোহাম্মদ আবদুল আজিজ খান চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষককে তাহাদের স্বাভাবিক কাজকর্ম চালাইয়া যাওয়ার অনুরোধ করিয়াছেন। আজ সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিষ্ট্রার (আইএণ্ড এস) স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এই কথা বলা হয়। এদিকে আজ পঞ্চম দিনের মত বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কর্মবিরতি অব্যাহত রহিয়াছে।